

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

বিষয় : যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির এপ্রিল / ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
তারিখ : ০৮/০৪/২০২২ খ্রিঃ।
সময় : বিকাল-৪.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
সভাপতি : মোঃ ইব্রাহীম শেখ
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বলেন যে, কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ সুপারিশমালা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে মতামত প্রদান করেন। এ পর্যায়ে তিনি উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে খেলাধুলা চর্চা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত খেলা-ধুলার আয়োজন, আন্তঃবিদ্যালয়, আন্তঃ ইউনিয়ন খেলার আয়োজন করার বিষয়ে গুরুত্বারোপ করে মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ করেন।

সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, বর্তমানে কালিয়া উপজেলায় খেলা-ধুলার চর্চা পূর্বের যে কোন সময়ের তুলনায় বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে দেশীয় খেলাধুলার প্রতি স্থানীয় জনসাধারণের অগ্রহ বেশী থাকায় প্রায় প্রতিটি ইউনিয়নে স্থানীয়ভাবে নিয়মিত অনুষ্ঠিত হয়। তিনি আরো বলেন যে, ইতোমধ্যে উন্নতমানের খেলোয়াড় তৈরী করার জন্য উপজেলা পর্যায়ে ক্রিকেট ও ফুটবল খেলার মাসব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। তিনি দেশীয় ঐতিহ্যবাহী খেলার পাশাপাশি ক্রিকেট ও ফুটবলকে স্থানীয়ভাবে জনপ্রিয় করার নিমিত্ত তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী সরবরাহসহ উপজেলা পর্যায়ে হতে সমন্বিত পরিকল্পনার মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত খেলা-ধুলার আয়োজন, আন্তঃবিদ্যালয়, আন্তঃ ইউনিয়ন খেলার আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলার সর্বোচ্চ ফোরামে সুপারিশ করার প্রস্তাব করেন।

সভায় উপস্থিত চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ বলেন যে, এ উপজেলার যুব সমাজকে মাদকমুক্ত রেখে উন্নত নৈতিক চরিত্র গঠন এবং সুশিক্ষায় শিক্ষিত করতে হলে খেলা-ধুলার কোন বিকল্প নেই। কিন্তু বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ক্রীড়া সামগ্রী না থাকায় নিয়মিত খেলা-ধুলার আয়োজন করতে সমস্যা হয়। ফলে তিনি উপজেলার এডিপি-এর বরাদ্দ হতে ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এবং স্থানীয় বিভিন্ন ক্লাব বা সংগঠনকে ক্রীড়া সামগ্রী প্রদান করা হলে উঠতি বয়সের তরুণ-তরুনীরা অপসংস্কৃতি এবং মাদকের নীল ছোবল হতে দূরে থেকে আদর্শ নৈতিক চরিত্রের অধিকারী হয়ে সুস্থ দেহ ও মনে বিকশিত হতে পারে।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ চেয়ারম্যান, সালামাবাদ ইউনিয়নের প্রস্তাবকে জোরালোভাবে সমর্থন করতঃ উপজেলার এডিপি-এর বরাদ্দ হতে ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এবং বিভিন্ন ক্লাব / সংগঠনকে ক্রীড়া সামগ্রী সরবরাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদের এডিপি -এর অর্থ হতে ক্রীড়া সামগ্রী ক্রয় ও সরবরাহ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য সভার পক্ষ হতে সভাপতি, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ইব্রাহীম শেখ)

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২২- ৫৪

তারিখ : ০৮/০৪/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০২। জনাব



সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

ও

উপজেলা যুব উন্নয়ন অফিসার

কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.২২.৪২

তারিখ :- ০৫/০২/২২ খ্রিঃ।

বিষয় : উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির ০৫/০২/২২ মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫/০২/২২ খ্রিঃ তারিখ বেলা- ০৮.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।



(মোঃ ইব্রাহীম শেখ)

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব
.....।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ চেয়ারম্যান, সালামাবাদ হডানয়নের প্রস্তাবকে জোরালোভাবে সমর্থন করতঃ উপজেলায় আজগু-অর বরাদ্দ হতে ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একে বিভিন্ন কার / সংগঠনকে ক্রীড়া সামগ্রী সরবরাহের পন্থা কল্পনা করা হবে।